শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
রাজস্ব বাজেট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৭.১৮-২৬৮

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৫ বাং / ০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বাজেটে ৪১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি খাতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ সংক্রান্ত।**

উপরোক্ত বিষয়ে চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বাজেটে ৪১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি খাতে বরাদ্দকৃত অর্থ ছাড়ের লক্ষ্যে নিম্নোক্ত জেলা গ্রেড অনুযায়ী 'এ' শ্রেণির জেলাগুলোকে ১০টি, 'বি' শ্রেণির জেলাগুলোকে ৮টি এবং 'সি' শ্রেণির জেলাগুলোকে ৬টি করে প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির মাধ্যমে বাছাইপূর্বক সুপারিশসহ আগামী ৩১/০১/২০১৯ তারিখের মধ্যে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

| ক্রঃ নং | জেলার কোড | জেলার নাম | মোট জেলার সংখ্যা | প্রতি জেলায় প্রাপ্য প্রতিষ্ঠানের সংখ্যা | মোট প্রাপ্য প্রতিষ্ঠানের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| ১. | 'এ' শ্রেণি | ঢাকা, গাজীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, টাংগাইল, চট্টগ্রাম, কক্সবাজার, রাংগামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, রাজশাহী, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, খুলনা, বাগেরহাট, যশোর, বরিশাল, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ। | ৩১ | ৬ | ৩১×৬=১৮৬টি | ১৮৬×৬২৩১৮.৮৪= ১,১৫,৯১,৩০৪.২৪ |
| ২. | 'বি' শ্রেণি | নরসিংদী, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, বান্দরবান, ফেনী, লক্ষীপুর, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, পিরোজপুর, ভোলা, বরগুনা, কুষ্টিয়া, মৌলভীবাজার। | ২৭ | ৫ | ২৭×৫=১৩৫টি | ১৩৫×৬২৩১৮.৮৪= ৮৪,১৩,০৪৩.৪০ |
| ৩. | 'সি' শ্রেণি | মাদারীপুর, মাগুরা, নড়াইল, মেহেরপুর, চুয়াডাংগা, ঝালকাঠী। | ৬ | ৪ | ৬×৪=২৪টি | ২৪×৬২৩১৮.৮৪= ১৪,৯৫,৬২৫.১৬ |
| | | | | মোট= | ৩৪৫টি | ২,১৪,৯৯,৯৯৯.৮০ |

সংযুক্তি: উপরিউক্ত বিষয়ে নীতিমালার ছায়ালিপি।

০৬/১২/২০১৮

(এ, কে, এম, লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪১০৫০১২৮

জেলা প্রশাসক

...................................(সকল)।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (উপরিউক্ত নির্দেশনাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনপূর্বক প্রত্যেক জেলা প্রশাসকের সরকারি ই-মেইল ঠিকানায় প্রেরণপূর্বক একটি প্রতিবেদন রাজস্ব বাজেট শাখায় দাখিলের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

*D:\বাজেট\all letters_2017.doc*

Note-2th

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
রাজস্ব বাজেট শাখা

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.২২.০১৯.১৭-১৯৬

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৪ বাং
১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**''বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা-২০১৭''**

বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য সরকার আর্থিক মঞ্জুরি প্রদান করে থাকে। বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষে উপযুক্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলোঃ

২। **শিরোনাম :** এ নীতিমালা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় ''বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা-২০১৭'' নামে অভিহিত হবে।

৩। **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কমিটি:**

**ক) প্রতিটি উপজেলায় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকা ব্যতীত) :**

**উপজেলা পর্যায়ে কমিটি হবে নিম্নরূপ:**

১) উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি
২) সহকারী কমিশনার (ভূমি) - সদস্য
৩) উপজেলা সদরের একজন বেসরকারি বিএম কলেজের অধ্যক্ষ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) - সদস্য
৪) উপজেলা সদরের একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষক- (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) সদস্য
৫) উপজেলা সদরের একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষিকা- (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) সদস্য
৬) সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ **সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি** - সদস্য
৭) উপজেলা সহকারী প্রোগ্রামার (UIRTCE) - সদস্য
৮) **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার** - সদস্য সচিব।

**খ) ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে:**

১) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) - সভাপতি
২) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) - সদস্য
৩) জেলা শিক্ষা অফিসার - সদস্য
৪) একজন বেসরকারি বি এম কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য
৫) একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য
৬) একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষিকা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য
৭) সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি - সদস্য
৮) আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর - সদস্য সচিব

**গ) জেলা প্রশাসক কর্তৃক প্রতিষ্ঠান নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো :**

১) জেলা প্রশাসক - সভাপতি
২) প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা সচিব, জেলা পরিষদ - সদস্য
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) - সদস্য
৪) স্থানীয় সরকারি টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য
৫) জেলা শিক্ষা অফিসার - সদস্য সচিব

**ঘ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য/সংসদ সদস্যগণ কমিটির উপদেষ্টা থাকবেন। মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শক্রমে কমিটি প্রতিষ্ঠান নির্বাচন করবে:**

৪। **শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন:**

(১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ.বি.সি. গ্রেডের জেলার তথ্য বিবেচনান্তে ''এ'' গ্রেডের জন্য ৬টি ''বি'' গ্রেডের জন্য ৫টি ও ''সি'' গ্রেডের জন্য ৪টি হিসেবে জেলাওয়ারী প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ অন্তে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ পূর্বক জেলা প্রশাসকগণের নিকট ''এ'' গ্রেডের জন্য ১০ টি ''বি'' গ্রেডের জন্য ৮টি ও ''সি'' গ্রেডের জন্য ৬টি প্রতিষ্ঠানের নামের তালিকা চাওয়া হবে ;

(২) ৬৪টি জেলায় গ্রেডওয়ারী উপরোক্তভাবে নির্ধারিত বিভাজন অন্তে সকল জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে ।

৭'
Note-2th

(৩) জেলা প্রশাসকগণ প্রতিবছর ২৮শে ফেব্রুয়ারির মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বরাবর প্রেরণ করবেন।

৫। **শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:**

১) যে সকল কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠান গত ৩ (তিন) বছরে কোন সরকারি সাহায্য পায়নি তাঁদেরকে অগ্রাধিকার দিতে হবে;
২) বিগত তিন বছর যে সমস্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ল্যাবরেটরী যন্ত্রপাতি/সামগ্রী বাবদ সাহায্য পেয়েছে তাদের আবেদন বিবেচনা করা হবে না;
৩) প্রত্যন্ত গ্রামীণ অসচ্ছল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানকে ল্যাবরেটরী যন্ত্রপাতি/সামগ্রী প্রদানের ক্ষেত্রে প্রাধান্য দিতে হবে;
৪) প্রতিটি অঞ্চলে সুষম বন্টন নীতিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে;
৫) ছাত্র-ছাত্রীর সংখ্যা, প্রতিষ্ঠানের প্রকৃত চাহিদা ও বিগত ৩ বছরের পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে;
৬) জরুরী প্রয়োজন বা যুক্তিসঙ্গত কারণ ছাড়া নগর বা মেট্রোপলিটন এলাকার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিরুৎসাহিত করতে হবে।

৬। **ল্যাবরেটরী যন্ত্রপাতি/সামগ্রী সংগ্রহ:**

১) বরাদ্দ প্রাপ্তির পর যাবতীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক নিম্নোক্ত কমিটির মাধ্যমে ল্যাবরেটরী যন্ত্রপাতি/সামগ্রী ক্রয় করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (খ) | সহকারি কমিশনার (ভূমি) | - | সদস্য |
| (গ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| (ঘ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| (ঙ) | **সহকারী প্রোগ্রামার (UITRCE)** | - | সদস্য |
| (চ) | সংশ্লিষ্ট কারিগরি/ মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য সচিব |

২) ল্যাবরেটরী যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের পর সংশ্লিষ্ট কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের রেজিস্টারে তা লিপিবদ্ধ করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিদর্শনের সময় তা প্রদর্শন করবেন;
৩) ল্যাবরেটরী যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের বিষয়টি যাচাই করার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণসহ জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রশাসনিক/শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কারিগরি/ মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন ও মনিটরিং করবেন এবং এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে বিভাগ/মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৭। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও অর্থ বরাদ্দ সংক্রান্ত অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ এর নির্দেশনা সত্ত্বেও প্রয়োজনবোধে এ কর্মসূচির আওতায় কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও তাদের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ক্ষমতা এ বিভাগের থাকবে এবং প্রয়োজন অনুসারে এতদ্‌সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারিকৃত বিভাগের নির্দেশনাবলী এ নীতিমালার উপর প্রাধান্য পাবে।

স্বাক্ষরিত/-
তারিখ-২৭/১১/২০১৭
(মোঃ আলমগীর)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন, ঢাকা।

<u>বিতরণঃ জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)</u>

১. অতিরিক্ত সচিব প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা/কারিগরি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪. যুগ্মসচিব প্রশাসন/উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ..............................................(সকল)।
৭. উপসচিব প্রশাসন ও অর্থ/কারিগরি(১/২)/মাদ্রাসা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপ-প্রধান, পরিকল্পনা উইং, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (**উপরিউক্ত নির্দেশনাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের পদক্ষেপ গ্রহণ করবেন**)।
১১. জেলা শিক্ষা অফিসার,...................................................................(সকল)।
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৩. স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.২২.০১৯.১৭-১৯৬/১(২)

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৪ বাং / ১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ</u>

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১১/১২/২০১৭
এ, কে, এম, লুৎফর রহমান
সিনিয়র সহকারী সচিব